

# 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৯১

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৩) হাদীছ শোনা, পৌঁছিয়ে দেয়া ও তা লিখার প্রতি উদ্বুদ্ধকরণ এবং রাসুলুল্লাহ (সাঃ)এর প্রতি মিথ্যারোপ করার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترغيب في سماع الحديث وتبليغه ونسخه والترهيب من الكذب على رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

(صحيح) وروي عن أنس بن مالك رضي الله عنه قال: خطبنا رَسُوْلُ الله صلَّى الله عنه عليه وَسلَّم بِمَسْجِدِ الْخَيْفِ مِنْ مِنْ مِنْ فَقالَ: نَضَّرَ اللَّهُ امْرَأَ سَمِعَ مَقَالَتِي فَحَفِظَها وَوَعَاهَا وَرَعاهَا وَبَلَّغَهَا مَنْ لَمْ يَسْمَعْهَا فَرُبَّ حَامِلِ فِقْهٍ لا فِقْهَ لَهُ وَرُبَّ حَامِلِ فِقْهٍ لا فِقْهَ لَهُ وَرُبَّ حَامِلٍ فِقْهٍ لا فِقْهَ لَهُ وَرُبَّ حَامِلٍ فِقْهٍ الله فَقْهُ مِنْهُ. رواه الطبراني في الأوسط

#### বাংলা

৯১. (সহীহ্ লি গাইরিহী) আনাস বিন মালেক (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) মিনার মসজিদে খায়ফে আমাদের সামনে বক্তব্য রাখলেন। তিনি বললেনঃ

''আল্লাহ সেই ব্যাক্তিকে উজ্জলতা দান করুন, যে আমার কথা শুনেছে- মুখস্ত করেছে ও ধারণ করে রেখেছে। অতঃপর যারা তা শুনেনি তাদের কাছে পৌঁছিয়েছে। কেননা কতক জ্ঞান বহনকারী নিজে জ্ঞানী নয়। আর কতক জ্ঞান বহনকারী ব্যাক্তি তার চেয়ে বড় জ্ঞানীর নিকট তা পৌঁছিয়ে থাকে।''

(হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী [আওসাত] গ্রন্থে, মাযমাউল যাওয়ায়েদ ১/১৩৯ পৃষ্ঠা)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

# 🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন